# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 05.04.24** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে রাজ্য মন্ত্রিসভা থেকে অপসারণের সুপারিশ করেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস।

বিষয়টিকে হাস্যকর বলে কটাক্ষ করেছেন শিক্ষামন্ত্রী।

২) পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আজ সন্ধ্যায় কলকাতায় আসছেন।

৩) সন্দেশখালিতে যেসব অভিযোগ উঠেছে, তার এক শতাংশও সত্যি হলে লজ্জাজনক বলে মন্তব্য করেছেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম।

৪) লোকসভা ভোটের প্রচারে এসে প্রবীণ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ে তৃণমূল কংগ্রেসকে নিশানা করেছেন।

অন্যদিকে, বিজেপি-র বিরুদ্ধে কেন্দ্রীয় এজেন্সির সাহায্যে ভোট করানোর অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৫) রাজ্যে লোকসভা ভোটে প্রথম পর্যায়ে হোম ভোটিং আজ শুরু হচ্ছে। চলবে ১৪-ই এপ্রিল পর্যন্ত।

oooooooooooooooooooo

আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে রাজ্য মন্ত্রিসভা থেকে অপসারণের সুপারিশ করেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। তাঁর বিরুদ্ধে কড়া পদক্ষেপেরও সুপারিশ করেছেন তিনি।

গোটা বিষয়টিকে ‘হাস্যকর’ বলে কটাক্ষ করেছেন ব্রাত্য। তিনি বলেছেন, আদর্শ আচরণ বিধি লঙ্ঘিত হয়ে থাকলে নির্বাচন কমিশনের কাছে রাজনৈতিক দলের অভিযোগ জানানোর কথা। কিন্তু রাজ্যপাল এমন অভিযোগ তুলে সাংবিধানিক পদের অপব্যবহার করেছেন এবং নিজের রাজনৈতিক পরিচয়ও প্রকাশ্যে এনে ফেলেছেন। তাছাড়া ভারতের সংবিধান অনুযায়ী, কোনও রাজ্যের মন্ত্রীর অপসারণ বা নিয়োগের সুপারিশ করতে পারেন একমাত্র মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, গত ৩০শে মার্চ মালদহের গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে তৃণমূল কংগ্রেসের অধ্যাপক সংগঠন ‘ওয়েবকুপা’র এক সম্মেলনে সভাপতিত্ব করেছিলেন শিক্ষামন্ত্রী। নির্বাচনী প্রচার চালিয়ে ওই সভাতে আদর্শ আচরণ বিধি ভাঙা হয়েছে বলে জানিয়েছেন রাজ্যপাল। তার পরেই উপাচার্য রজতকিশোর দে' কে সরানোর নির্দেশ দেয় রাজভবন। তৃণমূলের অভিযোগ ছিল, ‘ওয়েবকুপা’র কনভেনশনের জেরেই উপাচার্যকে সরানো হচ্ছে। অপসারিত উপাচার্যকে কাজ চালিয়ে যাওয়ার নির্দেশ দেয় রাজ্য সরকার। এ নিয়ে রাজ্য-রাজভবন সংঘাত আরও বাড়ে।

এদিকে, উচ্চশিক্ষা দপ্তরের নির্দেশিকাকে বেআইনী আখ্যা দিয়ে রাজ্যপাল তথা আচার্য বোস, আবারও উপাচার্যদের সতর্ক করেছেন। গত বুধবার রাজভবনের বিবৃতির পরে গতকাল এক্স হ্যান্ডেলে তিনি বলেছেন, যে সব উপাচার্য বিশ্ববিদ্যালয়ের কাজে বাধা দিচ্ছেন তারা সুপ্রিম কোর্টের রায়ের বিরুদ্ধে কাজ করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আজ সন্ধ্যায় কলকাতায় আসছেন। বিমানবন্দর থেকে তিনি সোজা যাবেন

বিএসএফের গেস্ট হাউসে। আগামীকাল বেলা বারোটায় বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা এবং পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মার সঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবের বৈঠক হবে। মূলত প্রথম পর্যায়ের ভোটে নিরাপত্তা বাহিনী মোতায়েন নিয়ে বৈঠকে আলোচনা হবার কথা। উপস্থিত থাকবেন রাজ্য পুলিশের নোডাল অফিসার, ADG আনন্দ কুমার এবং সিআরপিএফ-এর আইজি তথা কেন্দ্রীয় বাহিনীর এরাজ্যের কো অর্ডিনেটর B K শর্মা। গত পঞ্চায়েত ভোটে কোথায় কোথায় অশান্তির ঘটনা ঘটেছিল, তার বিস্তারিত রিপোর্ট পর্যালোচনা করবেন তাঁরা। এজন্য মুখ্য নির্বাচনী আধিকারিক সব জেলা শাসককে রিপোর্ট পাঠাবার নির্দেশ দিয়েছেন। গোলযোগপ্রবণ বুথগুলি নিয়ে বৈঠকে আলোচনা হবে বলে সূত্রের খবর।

oooooooooooooooooo

সন্দেশখালিতে যেসব অভিযোগ উঠেছে, তার এক শতাংশও সত্যি হলে লজ্জাজনক বলে মন্তব্য করেছেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম। সন্দেশখালির ঘটনা নিয়ে দায়ের হওয়া একাধিক জনস্বার্থ মামলার গতকাল শুনানি হয় প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে। সব পক্ষের মতামত শোনার পর রায়দান স্থগিত রাখা হয়েছে। শুনানিতে সন্দেশখালির ঘটনার তদন্তের জন্য একটি নিরপেক্ষ কমিশন গঠন করারও প্রস্তাব ওঠে।

এই মামলায় আদালতবান্ধব হিসেবে নিযুক্ত আইনজীবী জয়ন্ত নারায়ণ চট্টোপাধ্যায় একটি রিপোর্ট পেশ করেছেন। এতে জানানো হয়, সন্দেশখালিতে জমি দখলের অভিযোগ উঠেছিল। এখন শোনা যাচ্ছে রাজ্য সরকার জমি ফেরত দিচ্ছে। তার মানে, জমি দখলের অভিযোগ মেনে নিচ্ছে সরকার। কিন্ত দুষ্কৃতীদের

বিরুদ্ধে জমি দখলের অভিযোগ থাকলে রাজ্য সরকার কেন জমি ফেরত দিচ্ছে, আদালতে এই প্রশ্ন তুলেছেন শ্রী চট্টোপাধ্যায়। বহু জমির চরিত্র বদল করা হয়েছে বলেও অভিযোগ। সন্দেশখালির ঘটনায় যেসব পুলিশ আধিকারিকের বিরুদ্ধে এফআইআর না নেওয়ার অভিযোগ উঠেছে, তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তিনি। সাক্ষীদের নিরাপত্তা সহ এলাকায় পর্যাপ্ত আলো লাগানোর পক্ষে সওয়াল করেন জনস্বার্থ মামলাকারীর আইনজীবীরা। অন্যদিকে সন্দেশখালির ঘটনায় রাজ্য সরকার সব রকম পদক্ষেপ করেছে বলে জানান রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত।

oooooooooooooooooo

লোকসভা ভোটের প্রচারে এসে প্রবীণ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ে তৃণমূল কংগ্রেসকে নিশানা করেছেন।

অন্যদিকে, বিজেপি-র বিরুদ্ধে কেন্দ্রীয় এজেন্সির সাহায্যে ভোট করানোর অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

প্রথম দফার ভোটে উত্তরবঙ্গের তিন আসন – কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের দলীয় প্রর্থীদের হয়ে দুই যুযুধান দলের সর্বোচ্চ নেতা-নেত্রীর প্রচারকে কেন্দ্র করে গতকাল দিনভর উত্তরবঙ্গ ছিল সরগরম।

কোচবিহার রাসমেলা মাঠের জনসভায় প্রধানমন্ত্রী বলেন, সন্দেশখালির অত্যাচারিদের বাকি জীবন জেলেই কাটাতে হবে।

(বাইট – প্রধানমন্ত্রী- সন্দেশখালি)

কোচবিহারেরই মাথাভাঙায় মুখ্যমন্ত্রী বলেন, ভোট এলেই মিথ্যার বেসাতি শুরু করে বিজেপি। এজেন্সির ভয় দেখিয়ে তাদের মাথানত করানো যাবে না।

(বাইট – মমতা – এজেন্সি)

তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে কেন্দ্রীয় অর্থ আত্মসাৎ, কেন্দ্রের প্রকল্প কার্যকর না করার অভিযোগ করেন প্রধানমন্ত্রী। অন্যদিকে, তিন বছর ধরে ১-শো দিনের কাজ, আবাস যোজনা, গ্রামীণ সড়কের মতো প্রকল্পের টাকা আটকে রাখার অভিযোগে সরব হন মুখ্যমন্ত্রী।

সংশোধিত নাগরিকত্ব আইন নিয়েও চলে চাপানউতোর। প্রধানমন্ত্রী বলেন, সি এ এ নিয়ে ভয় দেখানোর রাজনীতি করছে তৃণমূল কংগ্রেস, কংগ্রেস ও বামেরা।

(বাইট – প্রধানমন্ত্রী – সি এ এ)

জলপাইগুড়ির মালের জনসভায় মুখ্যমন্ত্রী বলেন, এরাজ্যে সি এ এ, এন আর সি তিনি হতে দেবেন না।

(বাইট – মুখ্যমন্ত্রী – সি এ এ)

ভোটের প্রচারে জলপাইগুড়ি শহরে আজ জনসভা করবেন মুখ্যমন্ত্রী। প্রধানমন্ত্রী জলপাইগুড়িতে জনসভা করবেন আগামী রবিবার।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে লোকসভা ভোটের প্রথম পর্যায়ে, বিশেষ ক্ষেত্রে বাড়িতে বসে ভোট দেওয়ার ব্যবস্থা আজ শুরু হচ্ছে। চলবে ১৪ ই এপ্রিল পর্যন্ত। এই 'হোম ভোটিং' এর সুবিধা পাবেন, ৮৫ বছরের বেশি বয়সী প্রবীণ এবং ৪০ শতাংশ বা তার বেশি প্রতিবন্ধকতাযুক্ত ভোটাররা। তিনটি আসনে এরকম ভোটার আছেন ৯ হাজার ৭৩৫ জন।

রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, রাজ্যে ৮৫ উর্ধ ভোটার রয়েছেন চার লক্ষ ৭৮ হাজারের বেশি। এছাড়া পুলিশ, দমকল, রেল সহ ১৮টি জরুরি পরিষেবার পেশার কর্মীরা পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার সুযোগ পাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচনী প্রচারে পরিবেশ সুরক্ষার বিষয়টির দিকে নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষন করেছে পরিবেশ সংগঠন সবুজ মঞ্চ। ব্যানার, পোস্টার ও অন্যান্য প্রচার সামগ্রীতে যাতে প্লাস্টিকের ব্যবহার না হয়, সে ব্যাপারে রাজনৈতিক দলগুলির উদ্দেশে কমিশনের তরফে প্রয়োজনীয় নির্দেশিকা জারির আবেদন জানিয়েছে

তারা। শুধু পুনর্ব্যবহারযোগ্য প্লাস্টিক ব্যবহার করা যেতে পারে। এই মর্মে মুখ্য নির্বাচন কমিশনারের কাছে চিঠি দেওয়া হয়েছে বলে সংগঠনের সাধারণ সম্পাদক নব দত্ত জানিয়েছেন। প্রচারে থার্মোকল ও পলিস্টাইরিনের ব্যবহার পুরোপুরি নিষিদ্ধ করার দাবি জানানো হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনা আইন ২০১৬ মোতাবেক ১০০ জনের বেশি মানুষজনের জমায়েতে বর্জ্য তৈরি হলে সংশ্লিষ্ট রাজনৈতিক দলকে সঠিক বর্জ্য ব্যবস্থাপনার দায়িত্ব নিতে হবে। ভোট মিটে যাওয়ার পর দ্রুত Banner, হোর্ডিং সরিয়ে ফেলারও আবেদন জানানো হয়েছে সংগঠনের তরফ থেকে। প্রচারে শব্দ বিধি যাতে মেনে চলা হয় এবং গাছ নষ্ট না করা হয়, সেদিকেও কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছে সবুজ মঞ্চ।

০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে গত রবিবারের বিধ্বংসী ঝড়ে ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য দেওয়ার জন্য অনুমতি চেয়ে নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে রাজ্য সরকার। মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা ওই চিঠিতে জানিয়েছেন, শুধু জলপাইগুড়িতেই কমবেশি ক্ষতিগ্রস্ত হয়েছে প্রায় সাড়ে ৫ হাজার ঘরবাড়ি। ময়নাগুড়ির পুঁটিমারির মথুরামোহন এলাকায় অস্থায়ী শৌচাগারের অভাবে সবচেয়ে বেশি সমস্যায় পড়েছেন মহিলারা। শিশুদের খাবার মিলছে না বলে জানিয়েছেন অনেকেই।

০০০০০০০০০০০০০০০০

অস্বস্তিকর গরম এবং তাপপ্রবাহ থেকে দক্ষিণবঙ্গের মানুষের এখনই রেহাই মিলছে না। আবহাওয়া দফতর আজ পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, বীরভূম, ঝাড়গ্রাম ও দুই মেদিনীপুর জেলায় তাপপ্রবাহের পূর্বাভাষ দিয়েছে।

গতকাল পানাগড় ও পুরুলিয়ায় তাপমাত্রার পারদ ৪০ ডিগ্রী ছাড়িয়ে যায়। বাঁকুড়া ও মুর্শিদাবাদে তা ছিল ৩৯ ডিগ্রীর ওপরে এবং সিউড়িতে ৪০ ডিগ্রী সেলসিয়াস। একাধিক জায়গায় তাপমাত্রা স্বাভাবিকের ৪ ডিগ্রী ওপরে উঠে যায়।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রী বেশি।

পশ্চিমের জেলাগুলিতে আগামীকাল ঝড়বৃষ্টি হতে পারে।

oooooooooooooooooo

ooooooooooooooooo